

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫২৪৭

পরিচ্ছেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ - গরীবদের ফযীলত ও নবী (সা.) -এর জীবন-যাপন

ٱلْفصِيْلُ التَّنِفْ _ (بَابُ فَضِيْلِ الْفُقَرَاءِ وَمَا كَانَ مِنْ عَيْشِ النَّبِيِّ صِلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ)

আরবী

وَعَنْ أُمَيَّةَ بْنِ خَالِدِ بْنِ عَبْدِ اللَّهِ بن أسيد عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: أَنَّهُ كَانَ يَسْتَفْتِحُ بِصَعَالِيكِ الْمُهَاجِرِينَ. رَوَاهُ فِي «شَرْحِ السّنة»

اسناده ضعیف ، رواه البغوی فی شرح السنة (14 / 264 ح 4062) * السند مرسل و سفیان الثوری و ابو اسحاق مدلسان و عنعنا ۔ (ضَعِیفٌ)

বাংলা

৫২৪৭-[১৭] উমাইয়্যাহ্ ইবনু খালিদ ইবনু আবদুল্লাহ ইবনু আসীদ (রহিমাহুল্লাহ) নাবী (সা.) হতে বর্ণনা করেন। তিনি (সা.) গরীব মুহাজিরদের ওয়াসীলায় বিজয় কামনা করতেন। (শারহুস্ সুন্নাহ)

ফুটনোট

সনদ যঈফ: মুরসাল উমাইয়্যাহ ইবনু খালিদ ইবনু 'আবদুল্লাহ ইবনু উসায়দ সাহাবী নন। আর তাতে আবু ইসহাক আস সাবীঈ 'আন দ্বারা হাদীস বর্ণনা করেছে। আর সে তার নাম পরিবর্তন করেছে। আসল নাম হলো উমাইয়্যাহ ইবনু আবদুল্লাহ ইবনু খালীদ। হিদায়াতুর রুওয়াত ৫১৭৫, ৫/৩৪ পৃ., শারহুস সুন্নাহ ৪০৬২, আল মু'জামুল কাবীর লিত্ব তবারানী ৮৪৫।

ব্যাখ্যা

ব্যাখ্যা : বর্ণনাকারী উমাইয়্যাহ্ ইবনু খালিদ (রাঃ) রাসূলুল্লাহ (সা.) থেকে এ হাদীসটি রিওয়ায়াত করেছেন। কিন্তু



মুল্লা আলী কারী (রহিমাহুল্লাহ) বলেন, আমার নিকট রাসূলুল্লাহ (সা.) (সা.)-এর সাথে তার সাহচর্য' সাব্যস্ত নয়।" মূলত হাদীসটি মুরসাল। মুল্লা আলী কারী (রহিমাহুল্লাহ) আরো বলেন, তবে এটি মুরসালুত তাবিঈ, আর মুরসালু তাবিঈ জামহূরের নিকট দলীলযোগ্য।

(يَسْتَفْتِح) "তিনি বিজয় প্রার্থনা করতেন", অর্থাৎ তিনি কাফির মুশরিকদের বিরুদ্ধে আল্লাহর পক্ষ থেকে সাহায্য ও বিজয় প্রার্থনা করতেন (بِصَعَالِيكِ الْمُهَاجِرِين) দুর্বল, রিক্তহন্ত মুহাজিরীন সাহাবীদের মাধ্যমে। তাদের সাথে নিয়ে তিনি (সা.) আল্লাহর দরবারে দু'আ করতেন অথবা তাদের দ্বারা দু'আ করাতেন। ইবনু মালিক (রাঃ) বলেন, এভাবে বলতেন, (اَللَّهُمُ انْصُرُنَاعَلَى الْأَعْدَاءِبِحَقِّ عِبَادِكَ الْفُقَرَاءِالْمُهَاجِرِين) 'হে আল্লাহ! তুমি আমাদের শক্রর বিরুদ্ধে তোমার বান্দা গরীব মুহাজিরদের মাধ্যমে সাহায্য কর।

এতে গরীবদের সম্মান এবং মর্যাদা প্রমাণিত হয়েছে এবং তাদের দু'আর প্রতিও আগ্রহ সৃষ্টি হয়েছে। মুল্লা আলী কারী (রহিমাহুল্লাহ) বলেন, তাদের প্রতি এ তাগিদ এজন্য যে, তারা ছিলেন একাধারে ফকীর, গরীব, মায়লুম, মুজাহিদ, মুজতাহিদ। অতএব তাদের দু'আর প্রভাব সর্বসাধারণের দু'আর উপর বেশি আশা করা যায়। (মিরক্বাতুল মাফাতীহ; আল কাশিফ লিত্ ত্বীবী ১০ম খণ্ড, হা. ৩৩১৪, ১৫ পৃ.; মাত্বালিউল আনোয়ার লি ইবরাহীম ইবনু ইউসুফ ৫ম খণ্ড, ১৮৮ পৃ.)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন